

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)


স্মারক নং-৪৬/০০.২৯০০.০১৭.৯৯.০০১.১৬. ৭৮৮

তারিখ : ২০ ভাদ্র, ১৪২৩।  
০৪ সেপ্টেম্বর, ২০১৬।

বিষয়ঃ ফরিদপুর জেলার মধুখালী উপজেলার মধুখালী (বর্তমানে কামালদিয়া) ও নওপাড়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সূত্রঃ জেলা প্রশাসক, ফরিদপুর কার্যালয়ের স্মারক নং-৪৫৪, তারিখঃ-১৭.০৮.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রস্তাবমতে ফরিদপুর জেলার মধুখালী উপজেলার মধুখালী (বর্তমানে কামালদিয়া) ও নওপাড়া ইউনিয়ন পরিষদ দু'টির মেয়াদ ইতোমধ্যে ৫ (পাঁচ) বছর উত্তীর্ণ হয়েছে বিধায় জরুরি ভিত্তিতে ওয়ার্ড বিভাজন ও ভোটারদের জাতীয় পরিচয়পত্র সংশোধনের কার্যক্রম সম্পন্ন করে নির্বাচনের ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ ছাড়া ইতোমধ্যে ইউনিয়ন পরিষদ দু'টির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ২৯(৫) মোতাবেক উক্ত ইউনিয়ন পরিষদ দু'টির কার্যক্রম পরিচালনার জন্য বর্তমান পরিষদকে ক্ষমতা অর্পণ করা হলো। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
ফরিদপুর।

অনুলিপিঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।